বাল্য বিয়ে: কালীগঞ্জে বর-কনে পক্ষকে ১ লক্ষ টাকা জরিমানা

বিয়ের সকল প্রস্তুতি সম্পন্ন। কিছুক্ষণ পরেই গাড়িতে উঠিয়ে নিয়ে যাওয়া হবে ৯ম শ্রেণিতে পড়ুয়া স্কুলছাত্রীকে। এরই মধ্যে ম্যাজিস্ট্রেটের হানা। কনের বিয়ের বয়স না হওয়ায় বর ও কনের অভিভাবককে করা হয় ১ লক্ষ টাকা জরিমানা।

ঘটনাটি ঘটেছে শুক্রবার বিকেল সাড়ে ৫ টার দিকে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার হাসানহাটি গ্রামে। এ সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) ভূপালী সরকার।

কালীগঞ্জ উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ভূপালী সরকার জানান, গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার হাসানহাটি গ্রামের আক্তার আলীর স্কুল পড়ুয়া মেয়েকে বিয়ে দেওয়ার আয়োজনের খবর পাওয়া যায়।

পরে সেখানে অভিযান চালিয়ে বয়স কম হওয়ায় বর জীবননগর উপজেলার সবুজ মিয়াকে ৫০ হাজার ও মেয়ের বাবাকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। জনস্বার্থে বাল্য বিবাহ প্রতিরোধে অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

গাংনীতে ট্রাকের চাপায় পা হারালেন এক বৃদ্ধা নারী

মেহেরপুরের গাংনীতে ট্রাকের চাপায় পা হারালেন রুপালী খাতুন (৬০) নামের এক বৃদ্ধা নারী। শুক্রবার বিকেল সাড়ে ৫ টার দিকে উপজেলার আকুবপুর গ্রামের নব নির্মিত মসজিদ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। রুপালি খাতুন আকুবপুর গ্রামের আব্দুল বারেকের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা গেছে, বৃদ্ধা রুপালী খাতুন পাকা রাস্তা পার হচ্ছিলেন। এ সময় কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কে কুষ্টিয়ার দিক থেকে দ্রুতগতিতে আসা একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে বৃদ্ধা রুপালি

খাতুনকে ধাক্কা দেয়। ট্রাকের ধাক্কায় রুপালি খাতুন পাকা রাস্তার উপর লুটিয়ে পড়লে ট্রাকের চাকা তার ডান পায়ের উপর দিয়ে চলে যায়।

স্থানীয়রা ঘাতক ট্রাক ও হেল্পারকে আটক করলেও ড্রাইভার সুকৌশলে পালিয়ে যায়। ট্রাকের রেজিস্ট্রেশন নম্বর ঢাকা মেট্রো-ট- ২৪-০১০৩। স্থানীয়রা বৃদ্ধা রুপালি খাতুন কে উদ্ধার করে মুমুর্ষ অবস্থায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে ভর্তি করেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, সড়ক দুর্ঘটনার সংবাদ পেয়েছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত অফিসার ইনচার্জের মতবিনিময়

আলমডাঙ্গা থানার নবাগত অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। শুক্রবার বিকেলে ওসির রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মত বিনিময় সভায় অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন,এলাকার আইন শৃঙ্খলার উন্নয়নে পুলিশের পাশাপাশি সাংবাদিকদেরও ভুমিকা আছে।

আজকে এই মত বিনিময় সভায় আপনাদের বক্তব্যের মাঝে অনেক কথা উঠে এসেছে। আপনারা মাদক, বাল্যবিয়ে,ইভটিজিং, আত্মহত্যাসহ অনেক বিষয়ে কথা বলেছেন। আমরা মাদকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবো। বাল্যবিয়ে আত্মহত্যার বিষয়ে সেমিনারের মাধ্যমে মানুষকে সচেতন করতে কাজ শুরু করবো।

যে কোন তথ্য আপনাদের জানা থাকলে আমাকে জানাবেন। আলমডাঙ্গা থানাকে অপরাধ মুক্ত রাখতে সকলের সহযোগিতা নিয়ে সর্বাত্মক চেস্টা করবো। আপনারাও আমাকে সহযোগিতা করবেন।

মতবিনিময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার ওসি তদন্ত (অপারেশন) শেখ মাহবুবুর রহমান, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম

মন্টু,, সাধারণ সম্পাদক খ,হামিদুল ইসলাম আজম,যুগ্ম সম্পাদক প্রশান্ত বিশ্বাস, সহ- সভাপতি শেখ শফিউদ্দিন, সহ সভাপতি জামসিদুল হক মুনি,ইউনুছ আলী মন্ডল,শরিফুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন-আলমডাঙ্গা প্রেসক্লাবের সহ সম্পাদক রুনু খন্দকার,কে এ মান্নান,অনিক সাইফুল,তানভীর আহম্মেদ সোহেল,আতিক হাসান,কাইরুল মামুন,গোলাম সরোয়ার সদু,সোহেল হুদা মনাহিদ হাসান, নাসির উদ্দিন, ডাবলু, সোহাগ, হাসন মালিক, গিটার প্রমুখ।

আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় ওষুধ কোম্পানির প্রতিনিধি নিহত, আহত ৩

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বীজ ফার্মের ২য় গেটে সড়ক দুর্ঘটনায় ইয়াহিয়া নামের এক ওষুধ কোম্পানির প্রতিনিধির মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরো তিন জন।

আজ শুক্রবার রাত ৯টার দিকে এ মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটে। নিহত ইয়াহিয়া কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা গ্রামের ছেলে। তিনি কাললুস ফার্মা কোম্পানির প্রতিনিধি। আহতরা হলেন-চাঁদবিলের হামিদুলের ছেলে সাগর, গোভীপুর গ্রামের মিলনের ছেলে ইমরান, মুজিবরগরের পুরন্দরপুর গ্রামের হাফিজুর রহমানের ছেলে রাব্বি। এদের মধ্যে রাব্বির অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, আহত রাব্বি, সাগর, ইমরানসহ ৫/৭ জন তরুণ মোটরসাইকেল নিয়ে দ্রুত গতিতে চুয়াডাঙ্গা থেকে মেহেরপুরের দিকে আসছিলো অপরদিকে মেহেরপুর থেকে ওষুধ কোম্পানীর প্রতিনিধি ইয়াহিয়া চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। পথিমধ্যে আমঝুপি বীজ ফার্মের ২য় গেট সংলগ্ন এলাকায় মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই ইয়াহিয়ার মৃত্যু হয়। আহত হয় রাব্বি, সাগর ও ইমরান।

খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ইউনিটের একটি টিম ও পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছিয়ে নিহত ও আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যায়।

মেহেরপুরে পাঁচ ইউনিটের শ্রমিক ইউনিয়নের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত

মেহেরপুর জেলার শ্রমজীবী মানুষের অধিকার আদায়ে, বিপ্লবী সংগঠন মেহেরপুরের উদ্যোগে মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়ন, মেহেরপুর জেলা ট্রাক, ট্যাংকলরি ও কাভার্ডভ্যান শ্রমিক ইউনিয়ন, ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়ন, খোয়া ভাঙ্গা মালিক সমিতি, ইজিবাইক মালিক- চালক সমিতির নেতৃবৃন্দ সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল ৫ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন দোদুল।
এই মতবিনিময় সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,সমাজসেবা সমন্বয় পরিষদের সহ-সভাপতি রহিনুজ্জামান পলেন, মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিউর রহমান, জেলা ট্রাক ট্যাংকলরি ও কাভার্ডভ্যান শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন বাবু, সদর উপজেলায় ইটভাটা মালিক সমিতির সভাপতি আজিম রিয়াদ,সদর উপজেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম মনি, মেহেরপুর জেলা ইজিবাইক মালিক সমিতির সাধারণ সম্পাদক মফিজুর রহমান

মেহেরপুরে ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেনের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

মেহেরপুরের বিশিষ্ট ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেনকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। শুক্রবার বাদ জুম্মা মেহেরপুর শহরের হোটেল বাজার জামে মসজিদের সামনে গার্ড অব অনার প্রদান করা হয়।

এ সময় জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করে মরহুমের মরদেহে পুস্পমাল্য অর্পণ করা হয়। পুলিশের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করেন। সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন।

এসময় বিহ্বলের করুন সুর বেজে ওঠে। পরে একই স্থানে জানাযা শেষে শহরের পুরাতন কবরস্থানে তাকে দাফন করা হয়।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মরহুম ইসমাইল হোসেনের বড় ছেলে ফারুক হোসেন সেখানে বক্তব্য রাখেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগ, মেহেরপুর জেলা যুবলীগ এবং কৃষক লীগের পক্ষ থেকে মরহুমের মরদেহে পুষ্প মাল্য অর্পণ করা হয়। এদিকে জানাযা ও দাফন কাজে জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান,

পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাফিজ আল আসাদ, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম,যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী, জেলা কৃষক লীগের সভাপতি মাহবুব আলম শান্তি, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, সরফরাজ হোসেন মৃদুলসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ উপস্থিত ছিলেন।

বৃহস্পতিবার দিবাগত রাত ১০ টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। তিনি বেশ কিছুদিন যাবৎ বিভিন্ন রোগে ভুগছিলেন।

আমঝুপি ইউপি চেয়ারম্যান চুন্নুর মায়ের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর মা আছিয়া খাতুন (৮০) বার্ধক্য জনিত রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শুক্রবার বিকোল পৌনে ৪টার দিকে নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি আমঝুপি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মরহুম মহিউদ্দিনের স্ত্রী। মৃত্যুকালে তিনি ৩ছেলে, ৫মেয়ে, নাত নাতনীসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমার পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বাদ এশা আমঝুপি গোরস্থান সংলগ্ন মাঠে জানাযা শেষে ওই গোরস্থানে দাফন করা হবে।

সুশিক্ষায় শিক্ষিত মানুষ সুন্দর সমাজ গঠনের অন্যতম প্রধান নিয়ামক

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, একটি উন্নত সমাজ গঠনে প্রয়োজন সুশিক্ষিত ও উন্নত মানসিকতার মানুষ। এজন্য আমাদের সন্তানদের সুশিক্ষিত করে গড়ে তুলতে হবে, যেন তারা একটি উন্নত সমাজ গঠন করতে পারে। কারণ সুশিক্ষায় শিক্ষিত মানুষ সুন্দর সমাজ গঠনের অন্যতম প্রধান নিয়ামক।
বর্তমান সরকার সদিচ্ছা ও দেশপ্রেম নিয়ে একটি উন্নত-সমৃদ্ধ রাষ্ট্র গঠনে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্য অর্জনে আমাদের প্রয়োজন সুশিক্ষিত তরুণ সমাজ। তাই প্রতিটি সন্তানকে পড়ালেখার পাশাপাশি নৈতিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে হবে।
গতকাল বৃহস্পতিবার মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের নবনির্মিত চারতলা ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।
প্রতিমন্ত্রী বলেন, একটি উন্নত সমাজ গঠনে প্রয়োজন সুশিক্ষিত ও উন্নত মানসিকতার মানুষ। এজন্য আমাদের সন্তানদের সুশিক্ষিত করে গড়ে তুলতে হবে, যেন তারা একটি উন্নত সমাজ গঠন করতে পারে। কারণ সুশিক্ষায় শিক্ষিত মানুষ সুন্দর সমাজ গঠনের অন্যতম প্রধান নিয়ামক।
শিক্ষকরা শিক্ষা প্রতিষ্ঠানের সবচেয়ে বড় সম্পদ উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, একজন শিক্ষার্থীকে সঠিকভাবে গড়ে তুলতে এবং মননশীলতার বিকাশে শিক্ষকের ভূমিকা অপরিসীম।
এজন্য শিক্ষকদের শিক্ষার্থীদের সামনে একজন আদর্শ হিসেবে উপস্থাপিত হতে হবে, যাতে শিক্ষার্থীরা তাদের অনুসরণ করতে পারে। বীর মুক্তিযোদ্ধা মো. আব্দুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রফিউল আলম।

ভাষা সৈনিক ও মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেন আর নেই

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক, ভাষা সৈনিক ও মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেন (৮৬) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১০টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে এক মাস ধরে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, নাতি নাতনিসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমের একমাত্র জামাতা অ্যাড. মোখলেসুর রহমান স্বপন জানান, শুক্রবার বাদ জুম্মা মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে জানাযা শেষে পৌর কবরস্থানে দাফন করা হবে।

বর্ণাঢ্য রাজণীতিক , ভাষা সৈনিক ও মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেনের মৃত্যুতে এক অপূরণীয় ক্ষতি হলো মন্তব্য করেছেন বিভিন্ন জন। তাঁর এ মুত্যুতে গভীর শোক ও পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনি এমপি, জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিনসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গরা।

মেহেরপুরে ১ জন করোনা

আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১ জন।

বৃহস্পতিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৪৩ টি। তারমধ্যে ১ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪০ জন।

তার মধ্যে সদরে ২২ জন, গাংনীতে ৭ জন এবং মুজিবনগরে ১১ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৮০ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৪০ জন।